

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০২.০২.২৯১.২০১৮-৪৩২৬


তারিখঃ $\frac{২৫}{২৭}$ অগ্রহায়ণ ১৪২৫।
নভেম্বর, ২০১৮।

বিষয়ঃ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এ.টি মামলা নং ২৫৭/২০১৮ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মুন্সী রুহুল আসলাম, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), মুকসুদপুর, গোপালগঞ্জ সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এ মামলা নং ২৫৭/২০১৮ দায়ের করেছেন।

০২। উল্লেখ্য যে, মহাপরিচালক মহোদয় কর্তৃক ২৩ জুলাই ২০১৮ তারিখে স্বাক্ষরিত স্মারকের মাধ্যমে মাঠপর্যায়ের দায়িত্ব বিকেন্দ্রীকরণ সম্পর্কিত পরিপত্রের ১১ নং ক্রমিক অনুযায়ী প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা পরিচালনা করার দায়িত্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের উপর ন্যস্ত করা হয়েছে। উক্ত পরিপত্রের আলোকে বিজ্ঞ সলিসিটর উইং, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (সুপ্রীম কোর্ট ভবন প্রাঙ্গণ) এর মাধ্যমে বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগ প্রদানপূর্বক নিয়োগকৃত প্যানেল আইনজীবীর মাধ্যমে মামলাটি পরিচালনা ও আইনজীবী নিয়োগের পরে তাঁর নাম ও মোবাইল নম্বর এবং মামলার রায় ঘোষণা পর রায়ের কপি অধিদপ্তরের আইন কোষে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : আর্জির কপি।


(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
গোপালগঞ্জ।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০২.০২.২৯১.২০১৮-৪৩২৬/২

তারিখঃ $\frac{২৫}{২৭}$ অগ্রহায়ণ ১৪২৫।
নভেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (তাকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সংরক্ষণ নথি।


(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)